

বিশ্ববিদ্যালয়কে বিশ্বমানের করার ক্ষেত্রে গবেষণার কোন বিকল্প নেই

স্টাফ রিপোর্টার : বসবন্ধু শেখ মুহিব
মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের
(বিএসএমএমইউ) ডিসি প্রফেসর ডা.
প্রাণ গোপাল দত্ত বলেছেন
বিএসএমএমইউকে বিশ্বমানের করতে
হলে গবেষণার বিকল্প নেই। একই
সঙ্গে মেডিক্যাল চিকিৎসা ও শিক্ষার
ক্ষেত্রে গবেষণার প্রচুর সুযোগ রয়েছে
এবং এ সুযোগকে ব্যবহার করতে
সকলের প্রতি
আহবান
আনিয়েছেন।
গতকাল মঙ্গলবার
বিশ্ববিদ্যালয়ের
সামান সেমিনার রুমে
বিশ্ববিদ্যালয় মহুরি
কমিশনের উচ্চ শিক্ষা
মানোন্নয়ন প্রকল্পের
অধীন বিএসএমএমইউর ফিজিক্যাল
মেডিসিন ও রিহেবিলিটেশন বিভাগে
বাস্তবায়নরত প্রকল্পের অধীনে
ইএমজি গাইডেড বটুনিমাম
ইনজেকশন বিষয়ক দু'দিনব্যাপী
কর্মশালায় সমাপনী অনুষ্ঠানে প্রধান
অতিথির বক্তব্যে তিনি এ আহবান
জানান। এ সময় তিনি
বিশ্ববিদ্যালয়ের চিকিৎসক নার্স,

কর্মকর্তা ও কর্মচারীদের উদ্দেশ্যে
বলেন, তাঁর অফিসের নির্ধারিত সময়
নয়, এর পরেও বিশ্ববিদ্যালয়ের
প্রয়োজনে নিজ নিজ অবস্থান থেকে
কাজ করে বিশ্ববিদ্যালয়ের চলমান
উন্নয়ন ও অগ্রগতিকে এগিয়ে নিতে
হবে।
কর্মশালা পরিচালনা করেন
বৃন্দারাজের ইষ্ট কেট বিশ্ববিদ্যালয়
হাসপাতালের
পরিচালক গবেষণা ও
উন্নয়ন ডা. মোহাম্মদ
সাকেল। অনুষ্ঠানে
ডিসি প্রফেসর ডা.
প্রাণ গোপাল দত্ত
কর্মশালায়
অংশগ্রহণকারীদের
মধ্যে সনদ বিতরণ
করেন এবং ডা. মোহাম্মদ সাকেলের
কাছ থেকে দু'টি 'ইএমজি' মেশিন
অনুদান হিসেবে গ্রহণ করেন। মেশিন
দু'টি দিয়ে মাসপেশীর রোগ নির্ণয়
করা সম্ভব হবে। এছাড়াও এ প্রশিক্ষণ
বিশ্ববিদ্যালয়ের শিক্ষার মানোন্নয়নে
এবং রাণীদের উন্নততর সেবায়
অবদান রাখবে বলে সর্গশ্রী স্ত্রী
বিস্ময়টি নিশ্চিত করেছে।

বিএসএমএমইউতে
কর্মশালায় ডিসি
প্রাণ গোপাল দত্ত